ইত্তেফাক

তারিখ ... 27/2/85 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 3 ...



# সেন্সর বোর্ড পুনর্গঠন

সরকার তথ্য মন্ত্রণালয়ের সচিবকে চেয়ারম্যান করিয়া ১৯৮৫ সালের জন্য বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড পুনর্গঠন করিয়াছেন। আগামী ১লা মার্চ হইতে পুনর্গঠিত বোর্ডের কার্যকাল শুরু হইবে।

বোর্ডের অন্যান্য সদস্য হইতেছেন: বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের ভাইস চেয়ারম্যান, চলচ্চিত্র ও প্রকাশনা বিভাগের পরিচালক, উপসচিব বা তদূর্ধ্ব মর্যাদাসম্পন্ন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, উপসচিব বা তদূর্ধ্ব পদমর্যাদাসম্পন্ন তথ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, শিল্প একাডেমীর পরিচালক

(৮ম পৃঃ ৩ঃ)

## সেন্সর বোর্ড পুনর্গঠন

(৩য় পৃঃ পর)

জনাবা সাদেকা সফিউল্লা, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডঃ মুস্তফা নূরুল ইসলাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের গাণিতিক বিভাগের প্রফেসর সেলিনা বাহার জামান, পুরানা পল্টন গার্লস কলেজের সহকারী অধ্যাপিকা মিসেস আসমা আব্বাসী, এশিয়ান এফেয়ার্স এণ্ড ম্যানেজমেন্ট কনসালটেন্টের সম্পাদক ডঃ মিজানুর রহমান শেলী, সাপ্তাহিক পূর্বাণীর সম্পাদক খোন্দকার শাহাদাৎ হোসেন, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন সংস্থার ব্যবস্থাপনা পরিচালক বিশিষ্ট চলচ্চিত্র প্রযোজক ও পরিচালক সৈয়দ হাসান ইমাম ও জনাব আমজাদ হোসেন। তথ্য বিবরণী।